



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



নং-৩৭.২৪.০০০০.০০৩.৭৫.০০২.২৬-০৭

তারিখ: ০৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২০ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে ২০২৪-২৫ অর্থবছর/২০২৫ সালে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে টিউশন ফি'র অর্থ বাউন্সডকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (প্রতিষ্ঠানের নামে একাউন্ট ও টিউশন ফি গ্রহণে পরিচালিত) অনলাইন ব্যাংক একাউন্ট নম্বরের তথ্য সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২০২৪-২৫ অর্থবছর/ ২০২৫ সালে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তির পাশাপাশি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের বিপরীতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবের অনুকূলে নির্ধারিত টিউশন ফি'র অর্থ ছাড় করা হলে কিছু সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠানের একাউন্ট নম্বর সচল না থাকা, একাউন্ট নম্বর ডিজিটাল না হওয়া, একাউন্ট নম্বরে ডিজিট কম থাকা, শাখার নাম/রাউটিং নম্বর ভুল, একাউন্ট এর নাম/নম্বর বাংলায় লেখা বা ইংরেজিতে বড় অক্ষরে না লেখা, একাউন্টের নাম প্রতিষ্ঠানের নামে না থাকা (SAVINGS ACCOUNT, CURRENT ACCOUNT ইত্যাদি), একাউন্ট নম্বরে ডট, হাইফেন, স্পেস ইত্যাদি চিহ্ন ব্যবহারের কারণে কিছু সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠানের টিউশন ফি'র অর্থ ব্যাংক কর্তৃক Bounced Back হয়।

২। উল্লেখ্য যে, একাউন্ট নম্বরে ডিজিট (0-9) ব্যতীত অন্য কিছু দেয়া যাবে না। যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান টিউশন ফি প্রাপ্ত হিসেবে সুপারিশপ্রাপ্ত হয়েছে কিন্তু টিউশন ফি'র অর্থ বাউন্সড হয়, তাদের উপজেলাওয়ারী তালিকার এক্সেল শীট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের অবগতির জন্য ইমেইলে প্রেরণ করা হয়েছে। এক্ষেত্রে, পরবর্তী বছরে টিউশন ফি'র অর্থ প্রদান প্রক্রিয়া নিরবচ্ছিন্ন রাখা বা পুনরায় যাতে করে অর্থ বাউন্সডব্যাক না হয় সে লক্ষ্যে ট্রাস্টের 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' সফটওয়্যারে এন্ট্রিকৃত সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অনলাইন ব্যাংক একাউন্টের তথ্য শিক্ষা প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাডে নিম্নোক্ত ছক অনুযায়ী প্রেরণ করতে হবে:

ক্রম:	শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	EIIN Number	বিদ্যমান অনলাইন ব্যাংক হিসাবের তথ্য	শিক্ষা প্রতিষ্ঠানের নামে পরিচালিত সংশোধিত অনলাইন ব্যাংক হিসাবের তথ্য (ইংরেজিতে)	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১.				ACCOUNT NAME: ACCOUNT NUMBER: BANK NAME: BRANCH NAME: BRANCH ROUTING NUMBER: UPAZILA: DISTRICT:	

৩। বর্ণিত অবস্থায়, টিউশন ফি'র অর্থ বাউন্সডকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সচল/সঠিক অনলাইন ব্যাংক একাউন্টের তথ্য শিক্ষা প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাডে উল্লিখিত ছক অনুযায়ী **আগামী ১০ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে** ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা বরাবর ডাকযোগে অথবা ad.stipend@pmeat.gov.bd ই-মেইলে জরুরি ভিত্তিতে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

১. উপজেলাওয়ারী বাউন্সডকৃত টিউশন ফি'র এক্সেল সিট কপি।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
(সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে জরুরি ভিত্তিতে অবহিত করার অনুরোধসহ)


(প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)
ইনসিটু: সহকারী পরিচালক (উপবৃত্তি)
ফোন: ০২-৫৫০০০৪২৮
ই-মেইল: ad.stipend@pmeat.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
২. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (এ বিষয়ে প্রয়োজনীয় আইটি সাপোর্ট ও ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৩. ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক -এর সদয় অবগতির জন্য)।
৪. ব্যক্তিগত সহকারী, পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পরিচালক -এর সদয় অবগতির জন্য)।
৫. অফিস কপি।